

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৮৮

১/ বিবিধ

আরবী

آخر ما تكلم به إبراهيم حين ألقى في النار: حسبي الله ونعم الوكيل
موضوع

رواه أبو القاسم الحرفي في " الفوائد " (2 / 2) والخطيب (9 / 118) وابن عساكر (2 / 164 / 1) عن سلام بن سليمان: حدثنا إسرائيل عن أبي حصين عن أبي صالح عن أبي هريرة مرفوعا
وقال الخطيب والحرفي: " هذا حديث غريب من رواية أبي حصين عن أبي صالح عن أبي هريرة مسندا، لا أعلم رواه غير سلام بن سليمان عن إسرائيل، والمحفوظ ما رواه الناس عن إسرائيل وأبي بكر بن عياش عن أبي حصين عن أبي الضحى عن ابن عباس قال: " لما ألقى إبراهيم في النار الحديث ". قلت: وسلام بن سليم هو سلام بن سلم ويقال: ابن سليم أو ابن سليمان والصواب الأول كما في " التهذيب " وهو سلام الطويل المدائني كذاب متهم بالوضع كما تقدم مرارا، فكان على السيوطي أن لا يورده في الجامع " على ما شرطه في مقدمته أنه " صانه عما تفرد به كذاب أو وضاع ". وقد خالفه عثمان بن عمر فرواه عن إسرائيل به موقوفا على أبي هريرة رواه الخطيب (5 / 228 - 229) ومن قبله البخاري. ولا يفيد هنا قول المناوي: " إن الموقوف صحيح أخرجه البخاري، ومثله لا يقال من قبل الرأي فهو في حكم المرفوع ". لأننا نقول: إنه يحتمل أن يكون هذا مما تلقاه ابن عباس من أهل الكتاب، ومع

الاحتمال يسقط الاستدلال، فلا يجوز أن ينسب إليه صلى الله عليه وسلم، وهذا بين
ظاهر إن شاء الله تعالى

বাংলা

৭৮৮। ইবরাহীম (আঃ)-কে যখন আগুনে নিক্ষেপ করা হয় তখন সর্বশেষ যে কথাটি তিনি বলেছিলেন সেটি হচ্ছেঃ আল্লাহই আমার জন্য যথেষ্ট আর তিনিই উত্তম ভরসা।

হাদীছটি জাল।

এটি আবুল কাসেম আল-হুরফী "আল-ফাওয়ায়েদ" (২/২) গ্রন্থে, আল-খাতীব (৯/১১৮) এবং ইবনু আসাকির (২/১৬৪/১) সালাম ইবনু সুলায়মান হতে তিনি ইসরাঈল হতে তিনি আবু হুসায়েন হতে তিনি আবু সালেহ হতে ... বর্ণনা করেছেন।

আল-খাতীব এবং আল-হুরফী বলেনঃ এ হাদীছটি আবু হুসায়েনের বর্ণনা হতে মুসনাদ হিসাবে গারীব। ইসরাঈল হতে সালাম ইবনু সুলায়মান ছাড়া অন্য কেউ বর্ণনা করেছেন বলে জানি না।

আমি (আলবানী) বলছিঃ সালাম ইবনু সুলায়েম তিনিই সালাম ইবনু সিলম, তাকে ইবনু সুলায়েম বা ইবনু সুলায়মান বলা হয়। প্রথমটিই সঠিক যেমনটি "আত-তাহযীব" গ্রন্থে এসেছে। তিনি সালাম আত-তাবীল আল-মাদায়েনী। মিথ্যুক, জাল করার দোষে দোষী, যেমনটি তার সম্পর্কে পূর্বে বহুবার আলোচনা করা হয়েছে। হাফিয সুযুতীর উচিত ছিল হাদীছটি "আল-জামে" গ্রন্থে উল্লেখ না করা।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71667>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন